Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/২৩২ ০৪ অক্টোবর, ২০২২

**সম্মানিত সকল সদস্য**
বিজিএমইএ

**বিষয়ঃ BGMEA সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহের শ্রমিকদের টিকা নিশ্চতকরণ প্রসঙ্গে।**

সূত্র নংঃ স্বঃঅধিঃ/ইপিআই/সারভিল্যান্স/কোভিড-১৯/১৬৯৪ তারিখ ০২/১০/২০২২

**প্রিয় সহকর্মী,**
আস্সালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকরা আমাদের দেশের অর্থনীতির উন্নয়নের মেরুদন্ড এবং এই শিল্পের প্রধান চালিকা শক্তি। এ সকল নিবেদিত শ্রমিকদের জন্য অর্থনীতি দন্ডায়মান আছে। করোনাকালীন সময় থেকে অদ্যবধি শ্রমিকরা জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে দেশের অর্থনীতিকে সচল রেখেছেন। তাদের স্বাস্থ্য সুরক্ষার দায়িত্ব আমার/আপনার সকলের।

উল্লেখ্য যে, করোনা শনাক্তের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। গত ২৪ ঘন্টায় সনাক্তের হার ১২ শতাংশ যাকে সংক্রমণের উচ্চ মাত্রা বলা যায়। এজন্য আমাদের সকলের সর্তকতা অবলম্বন করা জরুরী হয়ে পড়েছে। অন্যথায় আবারও অর্থনীতিতে এর প্রভাব পড়তে পাড়ে। সুতরাং সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়, ধর্ম বিষয়ক মন্ত্রনালয়, স্বাস্থ্য অধিদপ্তর, আইএলও এবং বিজিএমইএ কর্তৃক প্রদত্ত বিভিন্ন নির্দেশনা ও নীতিমালা ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে তা যথাযথ ভাবে মেনেচলার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

বর্তমানে দেশব্যাপী চলমান কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমে ইতিমধ্যেই সকল শ্রমিককে ১ম ও ২য় ডোজ কোভিড-১৯ টিকার আওতায় আনা হয়েছে। বর্তমানে সারাদেশে কোভিড-১৯ টিকার বুষ্টার ডোজ দেওয়া হচ্ছে। বিজিএইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের মধ্যে এখনও যারা বুষ্টার ডোজ কোভিড-১৯ টিকা গ্রহন করেননি তাদের দ্রুত টিকার আওতায় আনতে স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সূত্রে বর্ণিত পত্রে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ইপিআই), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ কর্তৃক জারীকৃত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ ০২ পাতা**

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং০ঃ স্বাঃঅধিঃ/ইপিআই/সারভিল্যান্স/কোভিড-১৯/১৬৭৪ তারিখঃ ০২/১০/২০২২ খ্রি.

বিষয়ঃ BGMEA, BKMEA ভুক্ত প্রতিষ্ঠানসমূহের শ্রমিকদের টিকা নিশ্চিতকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমে ইতোমধ্যেই সকল শ্রমিককে ১ম ডোজ ও ২য় ডোজ কোভিড-১৯ টিকার আওতায় আনা হয়েছে। বর্তমানে সারাদেশে কোভিড-১৯ টিকার বুষ্টার ডোজ দেওয়া হচ্ছে। এমতাবস্থায় BGMEA ও BKMEA ভুক্ত প্রতিষ্ঠানসমূহে কর্মরত শ্রমিকদের মধ্যে এখনও যারা বুষ্টার ডোজ কোভিড-১৯ টিকা গ্রহণ করেননি তাদের দ্রুত টিকার আওতায় আনতে স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয়পূর্বক উক্ত জনগোষ্ঠীর বুষ্টার ডোজ টিকা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পত্রটি প্রেরণ করা হলো।

প্রাপক
মহাসচিব, বিজিএমইএ
মহাসচিব, বিকেএমইএ

০২/১০/২২

(ডা. মোঃ শামসুল হক)
পরিচালক ও লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ,
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ও
সদস্য সচিব, কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাস্কফোর্স কমিটি।
Email: mncah@ld.dghs.gov.bd

স্মারক নং০ঃ স্বাঃঅধিঃ/ইপিআই/সারভিল্যান্স/কোভিড-১৯/১৬৭৪/১(৪০) তারিখঃ ০২.১০.২০২২খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মেয়র (দৃষ্টি আকর্ষণঃ মেয়র মহোদয়ের একান্ত সচিব) সিটি কর্পোরেশন (সকল)।
৩. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (দৃষ্টি আকর্ষণঃ মূখ্য সচিবের একান্ত সচিব)।
৪. সিনিয়র সচিব (দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য-২ অনুবিভাগ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিদর্শক (দৃষ্টি আকর্ষণঃ এআইজি অপারেশন-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।
৭. মহাপরিচালক (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সমন্বয়), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. মহাপরিচালক (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
১০. মহাপরিচালক (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
১২. অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. বিভাগীয় কমিশনার, বিভাগ (সকল)।
১৫. অধ্যক্ষ, সরকারি মেডিকেল কলেজ (সকল)।
১৬. জেলা প্রশাসক ও সভাপতি, করোনাভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত জেলা কমিটি (সকল)
১৭. পরিচালক, এমআইএস ও লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
১৯. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা (সকল)।
২০. উপ-পরিচালক, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২১. প্রধান, স্বাস্থ্য তথ্য ইউনিট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২২. সহকারী-সচিব (করোনাসেল), পররাষ্ট্র মন্ত্রণালয়।
২৩. প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৪. সহকারী পরিচালক, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা (সকল)।
২৬. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), ইপিআই, এমএনসিঅ্যান্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৭. মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, বাংলাদেশ।
২৮. সভাপতি, ন্যাশনাল ইম্যুনাইজেশন টেকনিক্যাল অ্যাডভাইজরি গ্রুপ, বাংলাদেশ।
২৯. টিম লিডার, আইভিডি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ঢাকা।
৩০. চিফ, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা।
৩১. ন্যাশনাল প্রফেশনাল অফিসার, ভিএসকিউ/ সার্ভিল্যান্স/ইম্যুনাইজেশন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, গুলশান, ঢাকা, বাংলাদেশ।
৩২. ইম্যুনাইজেশন স্পেশালিষ্ট, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
৩৩. চীফ, ফিল্ড অফিস (সকল), ইউনিসেফ।
৩৪. ডিভিশনাল কো-অর্ডিনেটর (সকল), বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
৩৫. জোনাল হেলথ অফিসার (সকল), ইউনিসেফ।
৩৬. হেলথ অফিসার, (ইপিআই এন্ড ইভিএম)/(ই-এইচএমআইএস-ইপিআই), হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
৩৭. ন্যাশনাল কনসালটেন্ট, এম-আর, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
৩৮. ন্যাশনাল কনসালটেন্ট, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, গুলশান, ঢাকা, বাংলাদেশ।
৩৯. সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার (সকল), বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
৪০. অফিস কপি।

২/১১/২২

ডা. মোঃ শামসুল হক
পরিচালক ও লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ও
সদস্য সচিব
কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাস্কফোর্স কমিটি।
Email: mncah@ld.dghs.gov.bd